আরামবাগ হাসপাতালে চালু হচ্ছে প্রবীণদের ক্লিনিক

অভিজিৎ মুখার্জী, আরামবাগ ঃ হুগলির আরামবাগ মহকুমা হাসপাতালে এবার চালু হতে চলেছে 'জেরিয়াট্রিক ক্লিনিক'। অর্থাৎ এই ক্লিনিকে কেবলমাত্র প্রবীনদের চিকিৎসা করা হবে। ৬০ বছরের বেশিবয়সী পুরুষ ও মহিলারা এখানে পরিষেবা গ্রহণ করতে পারবেন। ৪ সেপ্টেম্বর আরামবাগ মহকুমা হাসপাতালে এই ক্লিনিকের উদ্বোধন করা হবে। এবিষয়ে আরামবাগ মহকুমা হাসপাতালের সুপার শিশিরকুমার নস্কর জানান, এধরনের ক্লিনিক শুধু এরাজ্যেই নয়, সারা দেশেই একটি বিরল ঘটনা। কারণ এটি বর্তমানে কেবল দিল্লির এইমস্ এবং চণ্ডীগড়ের পোস্ট গ্র্যাজুয়েট ইনস্টিটিউটে রয়েছে। এছাড়া কলকাতার পিজি হাসপাতালে একবার এই ক্লিনিক চালু করা হয়েছিল। বর্তমানে সপ্তাহে দুদিন করে এই ক্লিনিক খোলা থাকবে--- সোম ও বৃহস্পতিবার। প্রবীনদের জন্য আলাদা রঙের টিকিট থাকবে। যাতে তাঁদেরকে সাধারণের সঙ্গে লাইনে দাঁড়াতে হবে না। ওই টিকিট নিয়ে তাঁরা প্রথমে মেডিসিন বিভাগে গিয়ে নিজেদের চিকিৎসা করাতে পারবেন। তারপর সংশ্লিষ্ট চিকিৎসক যদি প্রয়োজন মনে করেন তখন তাঁর জন্য বিশেষজ্ঞ চিকিৎসকের ব্যবস্থা করা হবে। অর্থাৎ খুব সহজেই একজন প্রবীণ মানুষ হাসপাতালে পৌঁছে চিকিৎসা করিয়ে তাড়াতাড়ি বাড়ি ফিরতে পারবেন। উল্লেখ্য, এই মহকুমা হাসপাতালে সপ্তাহে প্রায় ৮ হাজার মানুষ আউটডোর পরিষেবা গ্রহণ করেন। এদের মধ্যে নতুন রোগী থাকেন এক হাজার থেকে বারোশ। অন্যদিকে সারা সপ্তাহে প্রায় ৮০০জন প্রবীণ মানুষ চিকিৎসার জন্য আসেন। কিন্তু অনেকেই দীর্ঘক্ষণ লাইনে চিকিৎসা করানোর জন্য চিকিৎসা না করিয়েই বাড়ি ফিরে যেতে বাধ্য হন। কারণ বছরের বিভিন্ন সময়ে বৃষ্টি এবং গরমের দিনেও তাঁদের লাইনে দাঁড়ানোর হাত থেকে রেহাই মেলে না। তাই

শেষ পর্যন্ত তাঁরা দাঁড়িয়ে থাকার ধৈর্য হারিয়ে ফেলেন। তখন আর তাঁরা চিকিৎসার জন্য দ্বিতীয়বার হাসপাতালমুখো হন না। অনেক ক্ষেত্রে পরিবারের লোকেরাও এই প্রবীণ মানুষদেরকে বোঝা মনে করেন। তাই তাঁদেরকে হাসপাতালে নিয়ে গিয়ে চিকিৎসা করানোর মতো মানসিকতাও অনেকের মধ্যে দেখা যায় না। ফলে প্রবীণদেরকে একা একাই দীর্ঘ পথ অতিক্রম করে হাসপাতালে পৌঁছাতে হয়। কিন্তু চিকিৎসা না করিয়ে বাড়ি ফিরলে সেই রোগ আরও বেড়ে যায়। তখন পরিবারের কাছে তাঁদের বোঝা হওয়ার মাত্রা আরও বেড়ে যায়। অনেক সময়ই তাঁদেরকে মানসিক নির্যাতনও সহ্য করতে হয়। কখনও কখনও শারীরিক নির্যাতনও করা হয়ে থাকে। তাই প্রবীণ মানুষদের এইসব অসুবিধা ও যন্ত্রণার কথা ভেবে আরামবাগ মহকুমা হাসপাতাল কর্তৃপক্ষ এই উদ্যোগ নিয়েছে। এরফলে এই সমস্ত প্রবীণ মানুষগুলি একদিকে যেমন রোগের হাত থেকে মুক্তি পাবেন তেমনি পরিবারের লোকের কাছেও বোঝা হয়ে হওয়া কাটিয়ে উঠতে পারবেন। হাসপাতাল সূত্রে জানা গেছে, এর জন্য ইতিমধ্যেই পৃথকভাবে দুজন চিকিৎসক নিয়োগ করা হয়েছে। পরবর্তীকালে প্রয়োজন বুঝে আরও চিকিৎসক নিয়োগ করা হবে। প্রয়োজনে সপ্তাহে দুদিনের পরিবর্তে দিন সংখ্যাও বাড়ানো হবে। সুপার শিশির নস্কর জানান, বর্তমানে হাসপাতালে সকলের জন্য যে সব পরিষেবা চালু রয়েছে সেই সমস্ত পরিষেবাই প্রবীনদের দেওয়া হবে। এক্ষেত্রে তাঁদেরকে সাধারণ রোগীদের সঙ্গে চিকিৎসা না করে আলাদাভাবে চিকিৎসা করা হবে। এরফলে তাঁদের দিকে আরও বেশি করে চিকিৎসক নজর দিতে পারবেন। আর প্রবীণ মানুষদেরকেও অনেক কম ঝামেলা পোহাতে হবে। তাই এতদিন যে সমস্ত প্রবীণ মানুষ হাসপাতালে গিয়ে ডাক্তার দেখানোর ঝামেলা চাইছিলেন না, এখন তাঁরাই আরও বেশি করে হাসপাতালমুখী হয়ে উঠবেন। এব্যাপারে খানাকুলের ৭৫বছর বয়সী সিদ্ধার্থ সামন্ত, গোঘাটের ৬২ বছর বয়সী রীতা কুণ্ডু প্রমুখরা জানান, এধরনের ক্লিনিক আমাদের ভীষণ উপকারে লাগবে। কারণ এতদিন সাধারণ রোগীদের সঙ্গে লাইনে দাঁড়িয়ে চিকিৎসা করাতে ভীষণ অসুবিধা হয়। আরামবাগ মহকুমা হাসপাতাল কর্তৃপক্ষের এই উদ্যোগে তাই আমরা ভীষণভাবে খুশি। এবিষয়ে আরামবাগের বিধায়ক তথা আরামবাগ মহকুমা হাসপাতালের রোগী কল্যাণ সমিতির সভাপতি কৃষ্ণচন্দ্র সাঁতরা বলেন, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় রাজ্যের মানুষের স্বাস্থ্য পরিষেবা নিয়ে সবসময়ই সচেতন। সবক্ষেত্রেই যেহেতু প্রবীণ নাগরিকরা সুযোগ সুবিধা পান তাই এক্ষেত্রেই তাঁদের সম্মান এবং সুবিধার জন্য দিদি আবার একটি বিশেষ ব্যবস্থা করছেন যাতে প্রবীণরা সহজেই স্বাস্থ্য পরীক্ষা করাতে পারবেন। তিনি আরও বলেন, ভারতকে যেমন পশ্চিমবঙ্গ পথ দেখাচ্ছে, তেমনি আরামবাগও শুধু হুগলি জেলাকে রাজ্যকে পথ দেখাবেন।

গোঘাটের ভাবাদিঘি নিয়ে বৈঠকে গেলেন না আন্দোলনকারীরা

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ হুগলির গোঘাটের ভাবাদিঘি নিয়ে জট কিছুতেই কাটছে না। কখনও প্রশাসন ভাবাদিঘির আন্দোলনকারীদের বোঝানোর চেষ্টা করছে আবার কখনও বিভিন্ন মানবাধিকার ও গণসংগঠনগুলির সদস্যরা সেই কাজে আন্দোলনকারীদের উল্টো বোঝাচ্ছেন। আর এই টানাপোড়েনের জেরে ভাবাদিঘির উপর দিয়ে রেললাইনের কাজ যেখানে ছিল সেখানেই বন্ধ হয়ে পড়ে রয়েছে। তবে প্রশাসনের পক্ষ থেকে আন্দোলনকারীদের বোঝানোর ক্ষেত্রে চেষ্টার কোনও ত্রুটি নেই। বুধবার আরও একবার প্রশাসনের পক্ষ থেকে আন্দোলনকারীদের সঙ্গে কথা বলার চেষ্টা হয়। কিন্তু জানা গেছে, আন্দোলনকারীরা এব্যাপারে রাজী হননি। এপ্রসঙ্গে আন্দোলনকারীদের পক্ষে প্রসাদ রায় বলেন, মঙ্গলবার গোঘাট ১নং ব্লক প্রশাসনের কয়েকজন ব্যক্তি গ্রামে আসেন। তাঁরা জানান, বুধবার দুপুরে গোঘাট ১নং ব্লকে যেতে হবে। সেখান থেকে তাঁদেরকে আরামবাগ মহকুমা শাসকের কার্যালয়ে নিয়ে যাওয়া হবে। সেখানে একটি প্রশাসনিক বৈঠক অনুষ্ঠিত হবে। প্রসাদবাবু জানান, এব্যাপারে ব্লকের প্রতিনিধিরা ওই বৈঠকে যোগ দেওয়ার জন্য ভাবাদিঘির ১০জন আন্দোলনকারীকে আমন্ত্রণ জানান। যদিও প্রসাদবাবু জানান, মৌখিকভাবে তাঁদের জানানো হয়। তাই যাওয়ার কোনও প্রশ্নই আসেনি।

তবে যদি প্রশাসনের পক্ষ থেকে লিখিতভাবে তাঁদের আমন্ত্রণ জানানো হত তাহলে তাঁরা বিষয়টি ভেবে দেখতেন। যদিও গোঘাট ১নং ব্লক বা আরামবাগ মহকুমা প্রশাসনের পক্ষ থেকে এধরনের কোনও বৈঠকের আয়োজনের কথা স্বীকার করেনি।

জেলা যুব সংসদে চ্যাম্পিয়ান কোন্নগর

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ হুগলির গোঘাট ১নং ব্লক অফিস প্রাঙ্গণে মঙ্গল ও বুধবার হুগলি জেলা যুবসংসদ প্রতিযোগিতা অনুষ্ঠিত হল। এই প্রতিযোগিতায় জেলার মোট ২২টি বিদ্যালয় অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় কোন্নগর হিন্দু হাইস্কুল প্রথম স্থান অধিকার করে। বুধবার পুরস্কার বিতরণী সভায় উপস্থিত ছিলেন আরামবাগ সাংসদ অপরূপা পোদ্দার, বিধায়ক মানস মজুমদার, হুগলির ডিআই, এডিআই, গোঘাট ১নং পঞ্চায়েত সমিতির সভাপতি মৃণালকান্তি আলু, সহসভাপতি মনোরঞ্জন পাল, জেলা পরিষদের সদস্য নারায়ণ পাঁজা, তৃণমূলের হুগলি জেলা যুব সহসভাপতি প্রদীপ রায় প্রমুখ। সাংসদ অপরূপা পোদ্দার বলেন, আমাদের সময় যদি এরকম যুব সংসদ প্রতিযোগিতা হত তাহলে আমরা অনেক কিছু শিখতে পারতাম। এখনকার ছাত্রছাত্রীরা এই সুযোগ পাওয়ার ফলে আগামী দিনে এখান থেকে যারা বিধানসভা বা লোকসভাতে যাবে তাদের অনেক সুবিধা হবে।

সিঙ্গুরে মুরগির বাচ্ছা বিতরণ

নিজস্ব সংবাদদাতা, সিঙ্গুর ঃ হুগলির সিঙ্গুর ব্লকের নসিবপুর পঞ্চায়েতের বিভিন্ন গ্রামে গরিব মানুষদের মধ্যে ৫৬টি পরিবারের সদস্যদের ১০টি করে মুরগি ছানা বিলি করা হল। রাজ্য সরকারের প্রাণী বিভাগের পক্ষ থেকে এই মুরগি ছানা বিলি করা হয়। এপ্রসঙ্গে নসিবপুর পঞ্চায়েতের উপপ্রধান গোবিন্দ ধাড়া জানান, বৎসরে তিন থেকে চারবার রাজ্য সরকারের পক্ষ থেকে পঞ্চায়েতের বিভিন্ন গ্রামে গরিব মানুষদের হাতে এধরনের মুরগির বাচ্চা বিলি করা হয়। ওই বাচ্চাগুলি এলাকার গরিব মানুষ যাতে লালনপালন করে ডিমের বা মুরগির ব্যবসা করে টাকা রোজগার করতে পারেন তাই এই উদ্যোগ।

মানসিক অবসাদে আত্মঘাতী বৃদ্ধা

নিজস্ব সংবাদদাতা, খানাকুল ঃ মানসিক অবসাদে আত্মঘাতী হলেন এক বৃদ্ধা। মৃতার নাম যোগমায়া জানা (৬২)। বাড়ি হুগলির খানাকুল ২নং গ্রাম পঞ্চায়েতের সাহেবপুরে। জানা গেছে, প্রায় বছর খানেক ধরে তিনি শারীরিক অসুস্থতায় ভুগছিলেন। বুধবার সকালে বাড়িতে তাঁর ঝুলন্ত দেহ উদ্ধার হয়। এরপর খানাকুল থানার পুলিশ দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য আরামবাগ মহকুমা হাসপাতালে পাঠায়। জানা গেছে, তাঁর দুই ছেলে বর্তমান।

সাওড়া হাইস্কুলের প্রতিষ্ঠাতার মূর্তি উন্মোচন

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ হুগলির গোঘাট ১নং ব্লকের সাওড়া উচ্চবিদ্যালয়ের প্রতিষ্ঠাতা এবং প্রাক্তন প্রধান শিক্ষক প্রয়াত বিশ্বনাথ দাসের মূর্তির আবরণ উন্মোচন করলেন সাংসদ অপরূপা পোদ্দার ও বিধায়ক মানস মজুমদার। এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা পরিষদের সদস্য নারায়ণ পাঁজা, হুগলি জেলা তৃণমূল যুব সহসভাপতি প্রদীপ রায় প্রমুখ। এছাড়াও বহু গ্রামবাসী এদিনের অনুষ্ঠানে উপস্থিত থেকে অনুষ্ঠানটিকে সর্বাঙ্গ সুন্দর করে তোলেন। এই অনুষ্ঠানে মঙ্গলদীপ জ্বেলে সাংসদ বলেন, প্রতিটি গ্রামে যদি এরকম মানুষ জন্মগ্রহণ করেন তাহলে আরও দ্রুততার সঙ্গে শিক্ষার প্রসার ঘটত।

হুগলি জেলা বিদ্যালয় ক্রীড়া পর্ষদের সাঁতার প্রতিযোগিতা

নিজস্ব সংবাদদাতা, তারকেশ্বর ঃ হুগলি জেলা বিদ্যালয় ক্রীড়া পর্ষদের সহযোগিতায় হুগলি জেলা বিদ্যালয় সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় তারকেশ্বরের পূর্ব রামগরের সেবাকেন্দ্র সুইমিং পুলে। বুধবার সকাল ৯টা থেকে এই প্রতিযোগিতা শুরু হয়। মোট ৩০২জন ছাত্রছাত্রী প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হুগলি ডিস্ট্রিক্ট সুইমিং সেক্রেটারি সুবীর কুমার ঘোষ, কর্মকর্তা অশোক চক্রবর্তী প্রমুখ। সুবীরবাবু বলেন, এই জায়গা থেকে যারা সফল হতে পারে তারা রাজ্য স্তরে খেলতে পারবে। সেই খেলা অনুষ্ঠিত হবে পাতিপুকুর এলাকায়।

তৃণমূল ও ফব থেকে বিজেপিতে ২৫ জন

নিজস্ব সংবাদদাতা, তারকেশ্বর ঃ বিভিন্ন বিরোধী দল থেকে বিজেপিতে যোগ দিলেন বেশ কিছু কর্মী। এদের মধ্যে যেমন তৃণমূল সমর্থকরা রয়েছেন তেমনি রয়েছেন ফরওয়ার্ড ব্লক কর্মীরাও। জানা গেছে, বিজেপির পশ্চিমবঙ্গ অসংগঠিত শ্রমিক ও কৃষি মোর্চার উদ্যোগে তাঁরা যোগদান করেন। এই উপলক্ষ্যে তারকেশ্বরের সন্তোষপুর অঞ্চলের বিক্ষবাটী এলাকায় এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেখানে পরেশ চক্রবর্তীসহ ২৫জন ফরওয়ার্ড ব্লক ও তৃণমূল কর্মী বিজেপির এই শ্রমিক ও কৃষক সংগঠনে যোগদান করেন। উপস্থিত ছিলেন বিজেপির পশ্চিমবঙ্গ অসংগঠিত শ্রমিক ও কৃষি মোর্চার রাজ্য সম্পাদক অলোক সরকার, জেলা সভাপতি গণেশ চক্রবর্তীসহ অন্যান্য নেতৃবৃন্দ।

ছাত্রকে মারধর, অভিযুক্ত শিক্ষক

নিজস্ব সংবাদদাতা, শ্রীরামপুর ঃ শ্রীরামপুরের মলিনা লাহিড়ী বয়েজ আকাডেমির ষষ্ঠ শ্রেণির এক ছাত্রকে বেধড়ক মারধরের অভিযোগ উঠল স্কুলেরই এক শিক্ষকের বিরুদ্ধে। এই ঘটনায় ওই ছাত্রের পরিবার শ্রীরামপুর থানায় বুধবার ওই শিক্ষকের বিরুদ্ধে একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন। শিক্ষকের মারে আহত ওই ছাত্র শান্তনু বণিককে তার পরিবার শ্রীরামপুর ওয়ালস হাসপাতালে চিকিৎসা করানোর পর ওই ছাত্র বর্তমানে মারের ভয়ে স্কুলে যেতে চাইছে না। ষষ্ঠ শ্রেণির ছাত্র শান্তনু বণিকের মা দেবীরানী বণিকের অভিযোগ মঙ্গলবার পঞ্চম পিরিয়ডে ইতিহাস স্যার টিকেন্দ্রনাথ সরকার ক্লাস নিচ্ছিলেন। সে সময় ক্লাসেরই অন্য দুটি ছেলে কথা বলে ব্যাঘাত ঘটাচ্ছিল বলে ওই ছেলে দুজনকে ওঠবোস করান শিক্ষক। ওঠবোস করানোর পরও একজন কথা বলে যাচ্ছিল বলে শিক্ষক তাকে হাই বেঞ্চে হাত তুলে দাঁড় করিয়ে দেন। ক্লাস শেষে শিক্ষক চলে গেলে কিছু ছাত্র ওই ছেলেটিকে টেতনা বলে ক্ষেপাতে শুরু করে। শান্তনু কিছু না বলা সত্ত্বেও একটি ছাত্র এই বিষয়টি নিয়ে ইতিহাস স্যারের কাছে শান্তনুর বিরুদ্ধে নালিশ জানায়। ইতিহাসের স্যার শান্তনুকে ডেকে পাঠানোর পরও না যাওয়ায় ওই স্যার ক্লাসে এসে তার ছেলেকে কলের পাইপ দিয়ে বেধড়ক মারধর করে। মারের চোটে ছেলের পায়ে কালশিটে পড়ে গেছে। এ বিষয়ে অভিযুক্ত শিক্ষক টিকেন্দ্রনাথ সরকার অবশ্য মারধরের কথা স্বীকার করে নিয়ে বলেন, শৃঙ্খলা রক্ষার জন্য তিনি শাসন করে মেরেছেন। তবে সেটা কখনোই মারাত্মক পর্যায়ে যায়নি। তাঁর মতে, বিষয়টি অতিরঞ্জিত করে দেখানো হচ্ছে। তবে এ বিষয়ে স্কুলের অন্য ক্লাসের ছাত্ররা অবশ্য জানায়, ওই স্যার যেরকম তাদের শাসন করেন সেরকম ভালবাসেন।

কৃষকের আয় বৃদ্ধি করতে নতুন প্রকল্প

নিজস্ব সংবাদদাতা, চুঁচুড়া ঃ আগামী ২০২২ সালের মধ্যে কৃষকের আয় দ্বিগুণ করার লক্ষ্যে কেন্দ্রীয় সরকারের এক প্রকল্পের আনুষ্ঠানিক সূচনা হল হুগলির চুঁচুড়া কৃষিবিজ্ঞান কেন্দ্রে। এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে জেলার বিভিন্ন প্রান্ত থেকে কৃষকরা অংশগ্রহণ করেন এবং শপথ নেন দেশের আর্থিক বুনিয়াদ সুদৃঢ় করার। এই অনুষ্ঠানে হাজির ছিলেন হুগলির সাংসদ রত্না দে নাগ, কল্যাণী কৃষি বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানী এবং কৃষি আধিকারিক। এখানে আলোচনার পাশাপাশি প্রোজেক্টরের মাধ্যমে কৃষকদের কম খরচে চাষের পদ্ধতি দেখানো হয়। চুঁচুড়ার হুগলি কৃষিবিজ্ঞান কেন্দ্রের ভারপ্রাপ্ত আধিকারিক ড. অঞ্জন কুমার চৌধুরী বলেন, কৃষকের আয় দ্বিগুণ করার লক্ষ্যে উচ্চ ফলনশীল বীজ উৎপাদন, সুসংহত কৃষিকাজ, কৃষিফসল সংরক্ষণ ব্যবস্থাপনা গড়ে তোলা, উন্নত প্রশিক্ষণের মাধ্যমে কৃষকদের আয় বৃদ্ধি করার সংকল্প নিয়ে পথচলা শুরু হল।

নিরোগ ডায়গনস্টিক
আরামবাগ, কোর্টরোড, হুগলী Ph : 03211-256950 Mob. 9732843677
MRI
3D Multi Slice CT Scan
Digital X-Ray
Colour Doppler
Ultrasonography
Echocardiography
2DM Mode & colour
Holter Monitor
Endoscopy
Colonoscopy
EMG
NCV
EGG
Pathology
FNAC

হতাশ জীবনে আশার আলো.....
জার্মান হোমিও কেয়ার
Mob.-9674533162 / 7890779979
SEX, প্রবলেম - যৌন সমস্যা
○সহবাসে অক্ষমতা ○ইন্দ্রিয় শিথিলতা ○শীঘ্র পতন ○ইন্দ্রিয় ছোট, ইন্দ্রিয় সরু ○উত্তেজনার অভাব ○স্বপ্ন দোষ ○ধাতু তারল্য ○ধাতু ক্ষয় ○সিফলিস ○গনোরিয়া ○ফাইমোসিস
সহ যাবতীয় নারী-পুরুষ যৌন ও গুপ্ত রোগের সুচিকিৎসা নিন।
১০০% সুচিকিৎসা নিন
মদ, গাঁজা, ড্রাগস, সিগারেট ও হেরোইন, ওষধসহ যাবতীয় নেশা ছাড়ানো হয়।
★মহিলাদের বক্ষ সৌন্দর্য্য ★যাবতীয় চুলের সমস্যার সমাধান করা হয় ★অর্শ, ফিসচুলা, হাঁপানী, ডায়বেটিস ★ব্রণ, চর্মরোগ, পেটের রোগ ★রোগা থেকে মোটা-মোটা থেকে রোগা
আগে থেকে ফোনে নাম নথিভুক্ত করে আসুন।
শেওড়াফুলি (পোস্ট অফিসের পিছনে) মঙ্গল, বৃহস্পতি, শনি দুপুর ৩ টে থেকে সন্ধ্যা ৭টা, রবিবার সকাল ৯টা থেকে সকাল ১১টা
তারকেশ্বর কালীবাড়ীর মাঠের পূর্বদিকে শুক্রবার, রবিবার দুপুর ১টা থেকে সন্ধ্যা ৬টা
আরামবাগ সৌরহাটি মোড় শুক্রবার সকাল ১০টা থেকে দুপুর ১২টা

MOL Darin
LFS The taste of money
MONEYLICIOUS SECURITIES PVT. LTD.
LFS BROKING PRIVATE LIMITED
MOLDARIN INVESTMENTS CONSULTANTS PVT.LTD.
বিঃ দ্রঃ- বেকার ছেলে মেয়েরা ও হতাশ এজেন্টরা ! শেয়ার বাজারে আইন সম্মত ভাবে NISM Course করে আয় করার সুযোগ নিন।
Franchisee দেওয়া হয়।
Regional Office:- U.B.I. Building (1st Floor)
Link Road, Arambagh, Hooghly,
WEST BENGAL,Pin-712601
Ph.No. - 03211-256507
Mobile:- 9564355907 / 9563200600
Tollfree No.-18001211452
We are No-1 research team in India and Z.Business and CNBC AWAZ 2015-2016 award winner

দীর্ঘ ৫০ বৎসর প্রতিষ্ঠার পর আরামবাগের বিধায়ক সম্মানীয় কৃষ্ণচন্দ্র সাঁতরা মহাশয়ের অনুপ্রেরণায় ও সভাপতিত্বে এবং আরামবাগ ব্রতচারী মণ্ডলীর ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হতে চলেছে আরামবাগ মহকুমায়
৫১তম নিখিল ভারত ব্রতচারী নায়ক মহাশিবির
২৪ ডিসেম্বর থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত
স্থান ঃ মুথাডাঙ্গা রামকৃষ্ণ উচ্চবিদ্যালয়, মুথাডাঙ্গা
ঃপরিচালনায়ঃ
ব্রতচারী কেন্দ্রীয় নায়ক মণ্ডলী
আয়োজক ঃ আরামবাগ ব্রতচারী মণ্ডলী
অংশগ্রহণে আগ্রহী ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকাসহ উৎসাহী ব্যক্তিবর্গ। যোগাযোগ করুন
Mob. 7548038080/9609542101/9733858794/9093014017